



## কমিউনিটি এডুকেশন কমিশন

### ডেট্রয়েট-এর জন্য স্কুল রেটিং সিস্টেম - রিসোর্সের তালিকা



#### আরো তথ্য জানুন:

- সিইসি ওয়েবসাইটে গিয়ে স্কুল রেটিংস ওয়েবপেজ দেখুন: [www.cecdetroit.org/school-ratings](http://www.cecdetroit.org/school-ratings)
- স্কুল রেটিংস ওয়েবপেজে সচরাচর জিজ্ঞাসিত প্রশ্নাবলী পর্যালোচনা করে দেখুন
- আরও কমিউনিটি বৈঠকের জন্য স্কুল রেটিংস ওয়েবপেজ দেখুন (তারিখ পরে জানানো হবে)
- মিশিগান স্টেট ল' 380.390 পাঠ করুন



#### আরো মতামত দিন:

- আরেকটি কমিউনিটি বৈঠকে যোগ দিন (তারিখ পরে জানানো হবে)
- স্কুল রেটিংস ওয়েবপেজে জরিপ পূরণ করুন
- সিইসি মাসিক বোর্ড সভায় উপস্থিত থাকুন (তারিখগুলো সিইসি অনুষ্ঠানমালার পাতায় জানানো হয়: [www.cecdetroit.org/events](http://www.cecdetroit.org/events))
- আমাদের [SRSDinfo@cecdetroit.org](mailto:SRSDinfo@cecdetroit.org) ঠিকানায় ইমেইল করুন



#### অন্যান্য রিসোর্সসমূহ:

- সিইসি'র 2018-19 ডেট্রয়েট পিতামাতাদের জন্য স্কুল নির্দেশিকা পরখ করে দেখুন - ডেট্রয়েটের ডিপিএসসিডি এবং চার্টার স্কুলসমূহ সম্পর্কিত যাবতীয় তথ্য এতে পাবেন, সে সঙ্গে রয়েছে বিদ্যমান পরিবহন, স্কুল-পূর্ব এবং স্কুল-পরবর্তী পরিচর্যা, সমৃদ্ধকরণ কার্যক্রম এবং আরও অনেক কিছু সম্পর্কিত তথ্য - [www.DetroitSchoolsguide.com](http://www.DetroitSchoolsguide.com).
- মিশিগান ডিপার্টমেন্ট অব এডুকেশন থেকে মিশিগান স্কুলের উপর তথ্য বের করার জন্য <https://www.mischooldata.org> ভিজিট করুন (জ্ঞাতব্য: বর্তমানে সিইসি যে এসআরএসডি সিস্টেম তৈরি করেছে, এটি তা নয়, এবং এই তথ্যে A-F গ্রেডিং সিস্টেম অন্তর্ভুক্ত নয়)।

## ডেট্রয়েটের জন্য স্কুল রেটিং সিস্টেমের (এসআরএসডি) আদ্যক্ষরের তালিকার পাতা

### সিইসি (CEC)-কমিউনিটি এডুকেশন কমিশন

সিটি অব ডেট্রয়েট-এ একটি নতুন অলাভজনক সংস্থা যাদের লক্ষ্য হচ্ছে গুণগত মানের শিক্ষা লাভে পরিবারগুলো যে বাধার সম্মুখীন হয় সেই বাধা দূর করা। সিইসি বোর্ডের মধ্যে যারা থাকেন তারা হচ্ছেন ডেট্রয়েটের শিক্ষা ব্যবস্থার বিভিন্ন পর্যায়ের নেতৃবৃন্দ, যার অন্তর্ভুক্ত থাকেন স্কুল ডিস্ট্রিক্ট, চার্টার সেক্টর, জনহিতৈষী সংগঠন, শিক্ষক ইউনিয়ন, কমিউনিটি উন্নয়ন এবং ব্যবসায়িক গোষ্ঠীর প্রতিনিধিবৃন্দ, ইত্যাদি।

### গোল (GOAL) লাইন - গেট অন অ্যান্ড লার্ন লাইন

উত্তর পশ্চিম ডেট্রয়েটে সিইসি'র পাইলট কর্মসূচি যার আওতায় ১০টি সহযোগী স্কুলের শিক্ষার্থীদের বিনামূল্যে পরিবহন এবং স্কুল-ছুটি-পরবর্তী কর্মসূচির সুযোগ দিয়ে থাকে। সফল হলে এই কর্মসূচি সিটির অন্যান্য অংশেও চালু করার আশা রাখে সিইসি!

### এমডিই (MDE) - মিশিগান ডিপার্টমেন্ট অব এডুকেশন

স্টেটের সংস্থা যারা মিশিগানের সকল স্কুলের তত্ত্বাবধান করে।

### এমসিএল (MCL) 380.390 – মিশিগান স্টেট ল' 380.390

স্টেটে 2016 সালে কার্যকর হওয়া আইন যার মাধ্যমে ডেট্রয়েট সিটিতে অবস্থিত ডিস্ট্রিক্ট এবং চার্টার স্কুল নির্বিশেষে সকল পাবলিক স্কুলকে A-F স্কেলে গ্রেডিং করা বাধ্যতামূলক করা হয়।

### এম-স্টেপ (M-STEP)-মিশিগান শিক্ষার্থীদের শিক্ষাগত অগ্রগতি পরীক্ষা

মিশিগানের 3-8 গ্রেডের শিক্ষার্থীদের জন্য বসন্তে নেওয়া পরীক্ষা, যা দিয়ে মাপা হয় যে শিক্ষার্থীরা স্টেটের মানদণ্ড কতটুকু মেটাতে পারছে। প্রতি বছর গ্রেড 3-8 এর জন্য ইংরেজি এবং গণিত পরীক্ষা নেওয়া হয়। 4 ও 7 গ্রেডে বিজ্ঞান পরীক্ষা এবং 5 ও 8 গ্রেডে সমাজ পাঠের পরীক্ষা নেওয়া হয়। শিক্ষার্থীরা 11 গ্রেডে এম-স্টেপ সমাজ পাঠ এবং বিজ্ঞানের পরীক্ষাও দেয়।

### স্যাট (SAT) - গণিত এবং সাফ্লোর ভিত্তিতে পঠন এবং লিখন

মিশিগান শিক্ষার্থীদের 9, 10 এবং 11 গ্রেডে গণিত এবং ইংরেজি ভাষা শৈলীর উপর জাতীয় পর্যায়ে প্রমিতমানের পরীক্ষা নেওয়া হয়।

### পারদর্শিতা

শিক্ষার্থীরা তাদের গ্রেড স্তরের মান পূরণ করতে পারছে কি-না তার পরিমাপ।

### ক্রমোন্নতি

এক বর্ষ থেকে পরবর্তী বর্ষে শিক্ষার্থীর পারদর্শিতা কতটা পরিবর্তিত হয়েছে তার পরিমাপ।

### অব্যাহতভাবে একই স্কুলে ভর্তি থাকা শিক্ষার্থী

যে সকল শিক্ষার্থী একই স্কুলে বিগত (কমপক্ষে) দুই বছর যাবত ভর্তি রয়েছে।

### নিম্নের ৩০% শিক্ষার্থী

এম-স্টেপ পরীক্ষায় যে-সকল শিক্ষার্থীর নম্বর নিচের ৩০% -এ অবস্থান করছে - যে সকল শিক্ষার্থীরা সবচেয়ে দুর্বল।

### পুন: ভর্তি

যে সকল শিক্ষার্থী গত বর্ষে স্কুলে ছিল এবং এই বর্ষে পুনরায় ভর্তি হয়েছে (থ্যাজুয়েশন সম্পন্ন করা শিক্ষার্থী অন্তর্ভুক্ত নয়।) তাদের শতকরা হার।